

শিক্ষা ও শিল্পের সংযোগে নতুন ভবিষ্যতের দিশা

নিজস্ব প্রতিনিধি— পশ্চিমবঙ্গ
সরকারের উচ্চশিক্ষা দফতর ও
ক্যালকাটা চেম্বার অফ কমার্সের
যৌথ উদ্যোগে শিক্ষা ও শিল্প
প্রতিষ্ঠানের মেলবন্ধন ঘটাতে একটি
আলোচনাচক্র হয়ে গেল শনিবার।
এই আলোচনাসভায় মূল বক্তা
ছিলেন রাজা সরকারের উচ্চশিক্ষা ও
বিদ্যালয় শিক্ষা দফতরের প্রধান
মচিব মনীশ জৈন। শিক্ষা ও শিল্প
মহলের ঘনিষ্ঠ সহযোগিতায় নতুন
শিক্ষানীতির সফল জীপ্তাশে
ছাত্রছাত্রীরা যে আরও বেশি উপকৃত
হবেন, সেকথাই শোনা গেল
বক্তাদের কষ্টে। ক্যালকাটা চেম্বার
অফ কমার্সের প্রেসিডেন্ট হরিশচন্দ্ৰ
হালশুয়াশিয়া আলোচনার সূচনা
করে বক্তাদের স্বাগত জানান। সমৃজ্ঞ
আলোচনায় অংশ নেন লক্ষ্মী টি
কোম্পানির ম্যানেজার ডিরেক্টর রম্বু
চ্যাটার্জি, সেক্ষুরি প্লাইবোর্ডসের
চেয়ারম্যান সজ্জন ভজন্ধা,
আইআইএম কলকাতার ডিরেক্টর
ইনচার্জ শৈবাল চট্টোপাধ্যায় এবং
চেম্বার্সের শিক্ষা ও উৎকর্ষ উন্নয়ন
কমিটির চেয়ারম্যান কে কে
কেজরিওয়াল।

শিক্ষা জগতের সঙ্গে শিল্প
প্রতিষ্ঠানগুলিকে সম্পৃক্ত করার
মাধ্যমে ক্যালকাটা চেম্বার অফ
কমার্স আগামী প্রজন্মের কাছে নতুন
ভবিষ্যৎ গড়ার পথ খুলে দিল।